# SREELEATHERS LIMITED

CIN: L67190WB1991PLC050656
6, Tottee Lane, Kolkata-700 016
Phone No.:2286-1571, Fax: 2217-6468
Email:sreeleathers@sreeleathers.com
Website: www.sreeleathers.com

To:

| | | |
|---|---|---|
| Department of Corporate Services,<br>Bombay Stock Exchange Limited,<br>P.J.Towers, 1st Floor, Dalal Street, Mumbai-400001,<br>Scrip Code: 535601 | The National Stock Exchange of India Limited,<br>Exchange Plaza, Bandra Kurla Complex, Bandra (E),<br>Mumbai-400 051,<br>Symbol: SREEL | Calcutta Stock Exchange Ltd.,<br>7, Lyons Range,<br>Kolkata-700001,<br>Scrip Code: 13328 |

Date : 30.08.2021

Dear Sir/Madam,

Subject: Submission of Newspaper publications

Pursuant to Regulation 30 of the SEBI (Listing Obligations and Disclosure Requirements) Regulations, 2015 (as amended) read with Part A, Para A of Schedule III to the said Regulations, we hereby submit copies of the newspaper publications made on **30th August, 2021 in (The Telegraph) (English) and "Aajkaal" (Bengali) (Page No.5)** and both also having electronic editions, in compliance with MCA General Circular No. 20/2020 dated 5.5.2020 read with General Circular No.02/2021 dated 13.1.2021 in relation to the 30th AGM of the Company, scheduled to be held on Wednesday, 29th September, 2021 through Video Conferencing ("VC") or Other Audio Visual Means ("OAVM").

The aforesaid information is also available on the website of the company,www.sreeleathers.com.

This is for your kind information and record.

Thanking you,

Yours truly,

For Sreeleathers Ltd.,
For SREELEATHERS LIMITED

Company Secretary
Company Secretary

Enclo : a/s

THE TELEGRAPH CALCUTTA MONDAY 30 AUGUST 2021

# SREELEATHERS LIMITED

CIN: L67190WB1991PLC050656
6, Tottee Lane, Kolkata-700 016
Phone No.: 2286-1571, Fax: 2217-6468
Email: sreeleathers@sreeleathers.com
Website: www.sreeleathers.com

## NOTICE

1. The 30th Annual General Meeting of the Company ("AGM") will be convened on Wednesday, 29th September,2021 at 11.30 a.m. IST through Video Conferencing ("VC")/Other Audio Visual Means ("OAVM") Facility to transact the Ordinary Businesses, as set out in the Notice of the 30th AGM, in compliance with the applicable provisions of the Companies Act, 2013 and Rules framed thereunder and the SEBI (Listing Obligations and Disclosure Requirements) Regulations, 2015 read with General Circular Nos.14/2020, 17/2020, 20/2020 and 02/2021 dated 8th April 2020, 13th April 2020, 5th May 2020 and 13 January,2021 respectively, issued by the Ministry of Corporate Affairs ("MCA Circular/s") and Circular No. SEBI/HO/CFD/CMD1/CIR/P/2020/79 dated 12th May 2020 and SEBI/HO/CFD/CMD2/CIR/P/2021/11 dated 15th January,2021 issued by the Securities and Exchange Board of India ("SEBI Circulars"), without the physical presence of the Members at a common venue.

2. In terms of MCA Circular/s and SEBI Circular/s the Notice of the 30th AGM and the Annual Report for the Financial Year 2020-2021 including the Audited Financial Statements for the financial year ended 31st March,2021 ("Annual Report") will be sent by email to those Members whose email addresses are registered with the Company/Depository Participants(s)/Registrar and Share Transfer Agent ("RTA") i.e. M/s. Niche Technologies Pvt.Ltd. The requirements of sending physical copy of the Notice of the 30th AGM and Annual Report to the Members have been dispensed with vide MCA Circular/s and SEBI Circular/s. The instructions for joining the AGM through VC/OAVM and the manner of taking part in the e-voting process will be provided along with the Notice and Annual Report.

3. Members holding shares in physical mode or whose email addresses are not registered, may cast their vote through e-voting system after registering their email addresses with the Company/RTA, by sending, scanned copy of a signed request letter mentioning name, folio number and complete address, self attested scanned copy of the PAN Card; and self attested scanned copy of any document (such as AADHAR Card, Driving Licence, Election Identity Card, Passport) in support of the address of the Member as registered with the Company, by email to **sreeleathersequity@gmail.com / nichetechpl@nichetechpl.com**

4. Members who hold shares in physical mode and who already have valid email addresses with the Company/the RTA need not take any further action in this regard. Members holding shares in demat form can update their email address with their Depository Participants.

5. Pursuant to Section 91 of the Companies Act, 2013 and Rule 10 of the Companies (Management and Administration) Rules, 2014 (as amended) read with Regulation 42 of the Listing Regulations, the Register of Members and Share Transfer Registers of the Company shall remain closed from 23rd September, 2021 to 29th September, 2021 (both days inclusive) for the purpose of AGM.

6. The Notice and the Annual Report for the financial year ended March 31,2021 shall be available on the website of the Company viz.,www.sreeleathers.com and also on the websites of the Stock Exchanges where Equity Shares of the Company are listed viz., www.bseindia.com, www.nseindia.com and www.cse-india.com

**For Sreeleathers Ltd.,**
**(Bijoy Kumar Roy)**
Company Secretary &
Compliance Officer

**Place:** Kolkata
**Date:** 30th August, 2021

## আরও খবর

### পাকিস্তানকেই নিশানা রাজনাথের

‘শুধু নিজের দেশেই সন্ত্রাসবাদ নিকেশ করবে না ভারত। প্রয়োজনে অন্য দেশে ঢুকে জঙ্গিদের নিকেশ করতেও আমরা পিছপা হব না।’ তামিলনাড়ুর ওয়েলিংটনে ডিফেন্স সার্ভিস স্টাফ কলেজের এক অনুষ্ঠানে সাফ জানালেন প্রতিরক্ষা মন্ত্রী রাজনাথ সিং। সরাসরি পাকিস্তানকে নিশানা করে বলেছেন, ‘দু–দুটো যুদ্ধে হারের জ্বালা সহ্য করতে না পেরে আমাদের এক প্রতিবেশী দেশ যুদ্ধের পরিবেশ তৈরি করছে। সন্ত্রাসীদের অস্ত্র ও অর্থ–সাহায্য দিয়ে ওরা ভারতের ক্ষতি করার চেষ্টা চালিয়ে যাচ্ছে।’ আফগানিস্তানের বর্তমান পরিস্থিতি উল্লেখ করে প্রতিরক্ষা মন্ত্রী বলেন, ‘আফগানিস্তানে পরিবর্তিত পরিস্থিতি ভারতের জন্য বড় চ্যালেঞ্জ।’

### জুলুম শ্রীরাম

মধ্যপ্রদেশের উজ্জয়িনী জেলার সেকলি গ্রামে শনিবার জোর করে এক মুসলিম ব্যবসায়ীকে ‘জয় শ্রীরাম’ বলানোর ঘটনায় দু’জনকে গ্রেপ্তার করল পুলিশ। ধৃত দু’জনের নাম কমল ও ঈশ্বর। অভিযোগ, ওই ব্যক্তিকে হুমকি দেওয়া হয়, তিনি যদি জয় শ্রীরাম স্লোগান না দেন, তবে তাঁকে গ্রামে ঢুকতে দেওয়া হবে না। তাঁর ব্যবসার জিনিসপত্রও ছড়িয়ে–ছিটিয়ে ফেলে দেওয়া হয়। এর পরই ওই ব্যক্তি থানায় অভিযোগ দায়ের করেন। মাহিদপুর মহকুমার পুলিশ সুপার আর কে রাই জানিয়েছেন, অভিযুক্তদের বিরুদ্ধে কড়া পদক্ষেপ করা হবে।

### ওঁদের নামে

সাভারকরের নামে কলেজ খুলছে দিল্লি বিশ্ববিদ্যালয়। একাধিক ভবন হচ্ছে বিজেপি নেতাদের নামে। দিল্লি বিশ্ববিদ্যালয়ের অধীনে নতুন দুটি কলেজ খোলা হবে। একটির নাম হবে বিনায়ক দামোদর সাভারকরের নামে। অন্যটি হবে অটলবিহারী বাজপেয়ীর নামে। প্রাক্তন কেন্দ্রীয় মন্ত্রী সুষমা স্বরাজ ও অরুণ জেটলির নামেও বিশ্ববিদ্যালয়ের একাধিক ভবনের নামকরণ হচ্ছে।

### গ্রেপ্তার আরমান

বাড়িতে মাদক মজুত রাখার অভিযোগ ছিল। শনিবার রাতে মুম্বইয়ে অভিনেতা আরমান কোহলির বাড়িতে অভিযান চালান নারকোটিক্স কন্ট্রোল ব্যুরোর অফিসারেরা। তল্লাশির পর তাঁর বাড়ি থেকে উদ্ধার হয় মাদক। এর পরই বাড়ি থেকে তাঁকে নিয়ে যাওয়া হয় এনসিবি–র অফিসে। টানা ১২ ঘণ্টা জেরার পর গ্রেপ্তার করা হয় অভিনেতাকে। এনসিবি–র দাবি, জেরার সময় আরমানের কথায় অসঙ্গতি পাওয়ার কারণেই গ্রেপ্তার।

### আসছে ‘ইদা’

১৮৫০ সালের পর এই প্রথম। অতি–ভয়ঙ্কর হ্যারিকেন ‘ইদা’ আছড়ে পড়তে চলেছে আমেরিকায়। নিউ অর্লিয়েন্সে ঝড়টি আছড়ে পড়বে বলে জানিয়েছেন আবহাওয়াবিদরা। মার্কিন প্রেসিডেন্ট জো বাইডেন জানিয়েছেন, হ্যারিকেন ইদা অতি–ভয়াবহ। এটি একটি ক্যাটেগরি–২ হ্যারিকেন। যার গতিবেগ হতে পারে ঘণ্টায় ১০০ মাইল বা ১৬০ কিলোমিটার পর্যন্ত।

### ফিট ইন্ডিয়া

ফিট ইন্ডিয়া কর্মসূচির দ্বিতীয় বর্ষপূর্তিতে মোবাইল অ্যাপ চালু করলেন কেন্দ্রীয় ক্রীড়া ও যুবকল্যাণ মন্ত্রী অনুরাগ ঠাকুর। দিল্লির মেজর ধ্যানচাঁদ স্টেডিয়ামে। ছিলেন ক্রীড়া ও যুবকল্যাণ রাষ্ট্রমন্ত্রী নিশীথ প্রামাণিকও। ইংরেজি ও হিন্দিতে ব্যবহার করা যাবে এই অ্যাপ। মন্ত্রী অনুরাগ ঠাকুর বলেছেন, ‘বিনামূল্যে ব্যবহার করা যাবে অ্যাপটি। তবে আমাদের ফিটনেসের পক্ষে এই অ্যাপ অমূল্য।’ ফিট ইন্ডিয়া মোবাইল অ্যাপে থাকা মাই প্ল্যান ফিচারের মাধ্যমে নিজের জীবনধারণ সম্পর্কেও জানতে পারবেন ব্যবহারকারীরা।

### কোউইনেই

সময় বাঁচাতে এবার থেকে কোভিড১৯–এর আরটিপিসিআর পরীক্ষার রিপোর্ট মিলবে কোউইন অ্যাপের মাধ্যমেই। জাতীয় স্বাস্থ্য অধিকর্তা আরএস শর্মা জানিয়েছেন, বর্তমানে এক রাজ্য থেকে অন্য রাজ্যে যেতে গেলে কোভিড রিপোর্ট বাধ্যতামূলক করা হয়েছে। এমনকী অন্য দেশে যাওয়ার জন্যও এই রিপোর্ট জরুরি। সেদিক থেকে কোউইনে রিপোর্ট দেওয়ার ব্যবস্থা সুরাহা দেবে।


প্রতিরোধ বাহিনীর মহড়া। আফগানিস্তানের পঞ্জশিরে। রবিবার। ছবি: এপি

# পঞ্জশিরে ইন্টারনেট বন্ধ করল তালিবান

**সংবাদ সংস্থা**
কাবুল, ২৯ আগস্ট

ঢুকতে না পেরে পঞ্জশিরের ইন্টারনেট পরিষেবা বন্ধ করল তালিবান। দেশের ভাইস প্রেসিডেন্ট আমরুল্লা সালেহকে চুপ করাতেই ইন্টারনেটে কোপ বসাল তালিবান।

প্রায় পুরো আফগানিস্তান দখল করেছে তালিবান। পঞ্জশির উপত্যকায় ঢুকতে পারেনি। সেখানে কঠিন চ্যালেঞ্জের মুখে তারা। পঞ্জশিরের অবিসংবাদী শের, আহমেদ শাহ মাসুদের ছেলে আহমেদ মাসুদ শক্তিশালী বাহিনী গড়ে তুলেছেন। তালিবান বিরোধী বাহিনী গড়তে পাশে পেয়েছেন আমরুল্লাহ সালেহকে। তাঁরা একসঙ্গে তালিবানের বিরুদ্ধে লড়াই চালাচ্ছেন। সেসব নিয়ে সোশ্যাল মিডিয়ায় একের পর এক টুইট করছেন সালেহ। নিজেদের লড়াইয়ের বিবরণ, দেশের বর্তমান পরিস্থিতি, কীভাবে পাকিস্তানের মদতে তালিবানরা আফগানিস্তান দখল করেছে, কাবুল বিমানবন্দরে হামলাকারী আইএসআইএস–কে জঙ্গি গোষ্ঠীর সঙ্গে তালিবান ও হাক্কানি নেটওয়ার্কের যোগসাজশের বিবরণ দিয়ে চলেছেন সোশ্যাল মিডিয়ায়। মুহূর্তে সেসব ছড়িয়ে পড়ছে দুনিয়া জুড়ে। পাশাপাশি তালিবানকে রুখে দেওয়ার বার্তা দিচ্ছেন। সালেহ–র কণ্ঠরোধ করতে মরিয়া তালিবান। তিনি যাতে কোনও ভাবেই কিছু টুইট করতে না পারেন তাই এবার পঞ্জশিরে ইন্টারনেট পরিষেবাই বন্ধ করল তালিবান।

তালিবানদের হাত থেকে বাঁচতে অনেকে পঞ্জশিরে আশ্রয় নিয়েছেন। আবার অনেকে আহমেদ মাসুদ ও সালেহর হাত শক্ত করতে তাঁদের সংগঠনে যোগদান করছেন। তালিবান বিরোধীদের মনোবল বাড়াতে সালেহ বলেছেন, তিনিই এখন দেশের কেয়ারটেকার প্রেসিডেন্ট। তাঁর দাবি আন্তর্জাতিক মহলে স্বীকৃত হয়নি। তবে লড়াইয়ে অনেককেই পাশে পাচ্ছেন সালেহ।

# নিরাপত্তা পরিষদের বিবৃতিতে বাদ ‘তালিবান’, দিল্লির মতবদল?

**সংবাদ সংস্থা**
দিল্লি, ২৯ আগস্ট

তালিবান সম্পর্কে কি মনোভাব বদলাচ্ছে রাষ্ট্রপুঞ্জের নিরাপত্তা পরিষদের? মনোভাব বদলাচ্ছে ভারতেরও? ২৫ আগস্ট কাবুল বিমানবন্দরে প্রথম বিস্ফোরণকাণ্ডের পর সেই ঘটনা সম্পর্কে ২৭ তারিখ রাষ্ট্রপুঞ্জের নিরাপত্তা পরিষদে গৃহীত একটি বিবৃতি থেকে এই প্রশ্ন উঠে আসছে। ওই দিনের ঘটনা সম্পর্কে নিরাপত্তা পরিষদের বিবৃতিতে বলা হয়, ‘কোনও আফগান গোষ্ঠী বা ব্যক্তি যেন অন্য কোনও দেশের মাটিতে সক্রিয় সন্ত্রাসবাদীদের মদত না দেয়।’ নিরাপত্তা পরিষদের ভারপ্রাপ্ত প্রেসিডেন্ট হিসাবে ওই বিবৃতিতে সই করেছে ভারতও। লক্ষ্য করার বিষয় এটাই যে, এই বিবৃতিতে তালিবানকে সন্ত্রাসবাদী হিসাবে উল্লেখ করা হয়নি। অথচ ১৬ আগস্টের বিবৃতিতে সম্পূর্ণ ভিন্ন অবস্থান নিয়েছিল নিরাপত্তা পরিষদ। তাতে বলা হয়েছিল ‘তালিবান বা অন্য কোনও আফগান গোষ্ঠী বা ব্যক্তি যেন অন্য কোনও দেশের মাটিতে সক্রিয় সন্ত্রাসবাদীদের সমর্থন না করে’। এর মানে ১৬ আগস্টের বিবৃতিতে তালিবানকে সতর্ক করা হলেও ২৭ আগস্টের বিবৃতি থেকে তালিবান শব্দটি বাদ পড়েছে। সেকারণেই প্রশ্ন উঠছে, তাহলে কি নিরাপত্তা পরিষদের সদস্য হিসাবে ভারতও তালিবান সম্পর্কে অবস্থান বদল করেছে? বিষয়টির প্রতি দৃষ্টি আকর্ষণ করেছেন সৈয়দ আকবরউদ্দিন। গত বছর এপ্রিল পর্যন্ত তিনি ছিলেন রাষ্ট্রপুঞ্জে ভারতের স্থায়ী প্রতিনিধি। রবিবার তাঁর টুইট, ‘কূটনীতিতে এক পক্ষ কাল বেশ লম্বা সময়। ‘টি’ অক্ষরটা চলে গেল...? ১৬ আগস্ট এবং ২৭ আগস্ট রাষ্ট্রপুঞ্জের নিরাপত্তা পরিষদের বিবৃতিটা তুলনা করুন।’ বিষয়টা আরও নজরে এসেছে এ কারণে যে, এর আগে বিদেশমন্ত্রী জয়শঙ্করকে যখন তালিবান নেতৃত্ব সম্পর্কে ভারতের অবস্থান নিয়ে প্রশ্ন করা হয়েছিল, তখন তিনি বলেন, ‘এত তাড়াতাড়ি’ কিছু বলা যাবে না। কেন্দ্র এখন আফগানিস্তানে আটকা পড়াদের ফেরাতে জোর দিচ্ছে। জয়শঙ্করের সেই বিবৃতির সঙ্গেও নিরাপত্তা পরিষদে ভারতের সর্বশেষ অবস্থানের মিল নেই।

অন্যদিকে ভারতের এক সংবাদমাধ্যমকে তালিবান মুখপাত্র সুহেল শাহিন জানিয়েছেন, আফগানিস্তানে ভারতের যে সব নির্মাণ প্রকল্প চলছে তা নিয়ে তাদের কোনও আপত্তি নেই। তবে গনির পুতুল সরকারকে ভারত যে সমর্থন করছে তার বিরোধিতা করবে তালিবান। গত ২০ বছর ধরে আফগানিস্তানে রাস্তা, বাঁধ, এমনকি সেদেশের সংসদ ভবনও গড়ে দিয়েছে ভারত। শাহিন জানিয়েছেন, আফগানদের কল্যাণে যে সব নির্মাণ প্রকল্প চলছে সেগুলো অবশ্যই শেষ হওয়া দরকার। ভারত চাইলে সেগুলো শেষ করতে পারে। এভাবে ভারত সম্পর্কেও আগাম নরম মনোভাব দেখিয়ে রেখেছে তালিবান। সব মিলিয়ে ভারত–তালিবান সম্পর্কে নতুন কোনও দিশা তৈরি হচ্ছে কিনা, এনিয়ে জল্পনা শুরু হয়েছে রাজনৈতিক মহলে।

# নেহরুকে বাদ দিয়ে স্বাধীনতা!

**বীরেন ভট্টাচার্য**
দিল্লি, ২৯ আগস্ট

**স্বাধীনতার ৭৫ বছর পূর্তিকে সামনে রেখে দেশজুড়ে প্রচারের কর্মসূচি ডিজিটাল পোস্টারে নেই দেশের প্রথম প্রধানমন্ত্রী পণ্ডিত জওহরলাল নেহরুর নাম বা ছবি! সামাজিক মাধ্যমে ছড়িয়ে পড়া পোস্টারে দেখা যায় সেখানে রয়েছেন মহাত্মা গান্ধী, নেতাজি সুভাষচন্দ্র বসু, সর্দার বল্লভভাই প্যাটেল, বি আর আম্বেদকর, ভগৎ সিং, রাজেন্দ্র প্রসাদ, মদনমোহন মালব্যর ছবি। এমনকী রয়েছে আরএসএস–বিজেপি–র আদর্শপ্রতিম, হিন্দু মহাসভার প্রতিষ্ঠাতা দামোদর বিনায়ক সাভারকরের ছবিও। এঁদের ছবি থাকলেও, সেখানে উল্লেখযোগ্য অনুপস্থিতি দেশের প্রথম প্রধানমন্ত্রী পণ্ডিত জওহরলাল নেহরুর। নেই তাঁর কোনও ছবি।**

শশী থারুর টুইটারে লেখেন, ‘এটা নিছকই সঙ্কীর্ণতা নয়, বরং ভারতের স্বাধীনতার অন্যতম ব্যক্তিত্ব জওহরলাল নেহরুকে সরিয়ে দেওয়া অনৈতিহাসিক। এটা আইসিএইচআরের নিজেদের অসম্মান। এটা অভ্যাসে পরিণত হয়েছে।’ শিবসেনা সাংসদ প্রিয়াঙ্কা চতুর্বেদী টুইটারে লিখেছেন, ‘আজাদি কি অমৃত মহোৎসব তখনই পালন করা সম্ভব, যখন সবার ভূমিকা স্বীকার করা হবে। ভারতের প্রথম প্রধানমন্ত্রীকে সরিয়ে দিয়ে আইসিএইচআর তাদের সঙ্কীর্ণতা এবং নিরাপত্তাহীনতাকেই তুলে ধরেছে।’ আজ পোস্টারটি টুইটারে পোস্ট করেছেন কংগ্রেস নেতা পি চিদম্বরমও। একই সঙ্গে পরপর কয়েকটি টুইটে এই সিদ্ধান্তের কঠোর সমালোচনা করেছেন তিনি। তিনি প্রশ্ন তুলেছেন, ‘মোটরগাড়ি আবিষ্কারের বর্ষপূর্তি উদযাপন করা হলে কি ফোর্ডকে বাদ দেওয়া সম্ভব? ভারতীয় বিজ্ঞানের উদযাপন করা হলে কি সি ভি রমনকে বাদ দেওয়া যায়? বিমান আবিষ্কারের বর্ষপূর্তিতে কি রাইট ভাইদের অবদান অস্বীকার করা হবে?’ সামাজিক মাধ্যমে ব্যাপক সমালোচনা এবং ক্ষোভের মুখে নিজেদের পক্ষে সাফাই দিয়েছে আইসিএইচআর। তাদের তরফে বলা হয়েছে, ‘বিষয়টি নিয়ে বিতর্ক অর্থহীন। আগামী দিনে যে পোস্টারগুলো প্রকাশ করা হবে, সেগুলোতে জওহরলাল নেহরুর ছবি থাকবে।’

# কৃষকদের ‘মাথা গুঁড়িয়ে’ দেওয়া লাঠিচার্জের বিরোধিতা দেশ জুড়ে

**আজকালের প্রতিবেদন**
দিল্লি, ২৯ আগস্ট

কৃষকদের বিরুদ্ধে বিজেপি সরকারের দমনপীড়নমূলক নীতির সমালোচনায় সরব মেঘালয়ের রাজ্যপাল সত্যপাল মালিক। যেভাবে গতকাল হরিয়ানার কারনালে কৃষকদের মাথা লক্ষ্য করে পুলিশ লাঠি চালিয়েছে, তার জন্য কৃষকদের কাছে হরিয়ানার মুখ্যমন্ত্রী মনোহরলাল খট্টরের ক্ষমা চাওয়া উচিত বলে মন্তব্য করেন তিনি। পাশাপাশি, রাজস্থানে আদানি গোষ্ঠীর সৌরশক্তি প্রকল্পের বিরুদ্ধেও তৈরি হয়েছে তুমুল কৃষক বিক্ষোভ। একইসঙ্গে রাজস্থানের বিভিন্ন আদালতে এই ধরনের বড় সৌরশক্তি প্রকল্পের বিরোধিতায় ১৫টি মামলা দায়ের হয়েছে।

সোশ্যাল মিডিয়ায় ছড়িয়ে পড়া একটি ভিডিও ক্লিপিং হরিয়ানার গতকালের ঘটনাকে নতুন মাত্রা দিয়েছে। দেখা যাচ্ছে, কারনালের মহকুমাশাসক আয়ুষ সিনহা কৃষকদের ‘মাথা গুঁড়িয়ে’ দেওয়ার জন্য পুলিশকে নির্দেশ দিচ্ছেন। ভিডিওটি সামনে আসতেই প্রবল সমালোচনার মুখে মনোহরলাল খট্টর সরকার। বিরোধীরা একের পর এক টুইটে হরিয়ানা প্রশাসনের নিন্দা করা হয়েছে। যেদিন প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদি জালিয়ানওয়ালা বাগের স্মারকের সংস্কার করে তার উদ্বোধন করলেন, সেদিনই দেশের অন্নদাতাদের ওপর নির্বিচারে লাঠিচার্জের ঘটনা! হুল বিঁধিয়েছে কংগ্রেস। মূলত পশ্চিম উত্তরপ্রদেশের মানুষ, মেঘালয়ের রাজ্যপাল সত্যপাল মালিক বলেছেন, ‘মনোহরলাল খট্টরের উচিত কৃষকদের কাছে ক্ষমা চাওয়া। কৃষকদের ওপর লাঠি চালিয়েছেন হরিয়ানার মুখ্যমন্ত্রী।’ তিনি আরও বলেছেন, ‘অতি সত্বর ওই মহকুমাশাসককে বরখাস্ত করা উচিত। তিনি মহকুমাশাসক পদের উপযুক্ত নন। সরকার তাঁকে সমর্থন করছে!’

এদিকে, বিভিন্ন মহলের চাপে অবস্থা সামাল দেওয়ার চেষ্টায় মনোহরলাল খট্টর সরকার। রাজ্যের উপমুখ্যমন্ত্রী দুষ্মন্ত চৌতালা দাবি করেছেন, অভিযুক্ত মহকুমাশাসক আয়ুষ সিনহার বিরুদ্ধে পদক্ষেপ করা হবে। এরইমধ্যে ভারতীয় কিসান ইউনিয়নের নেতা রাকেশ টিকায়েত অভিযুক্ত মহকুমাশাসককে ‘সরকারি তালিবান কমান্ডার’ মন্তব্য করেছেন। তিনি বলেছেন, ‘গতকাল এক আধিকারিক কৃষকদের মাথা গুঁড়িয়ে দেওয়ার কথা বলেছেন। ওরা আমাদের খালিস্তানি বলেছে। আমাদের যদি খালিস্তানি এবং পাকিস্তানি বলা হয়, তাহলে আমরা বলব, ওরা সরকারি তালিবান।’

এদিকে, রাজস্থানে দানা বাঁধছে কৃষক বিক্ষোভ। আদানি গোষ্ঠীর সৌরশক্তি প্রকল্পের বিরুদ্ধে বিক্ষোভ দেখাতে শুরু করেছেন কৃষকরা। তাঁদের অভিযোগ, সৌর প্যানেলের জন্য বিশাল পরিমাণ জমি অধিগ্রহণ করে রেখেছে আদানি গ্রিন কোম্পানি। গত ১৭ আগস্ট সরকারি দপ্তরের বাইরে বিক্ষোভ করেন এলাকার বাসিন্দারা। তাঁদের অভিযোগ, সরকারি খাস জমি দখল করে নেওয়া হয়েছে। সেখানে নির্মাণকাজের জন্য সংলগ্ন কৃষি জমিও ক্ষতিগ্রস্ত হচ্ছে বলে অভিযোগ করেন গ্রামবাসীরা। তাঁদের আরও অভিযোগ, জমিতে কর্মরত মহিলারা বিক্ষোভ করলে তাঁদের সঙ্গে দুর্ব্যবহার করা হয়েছে। সরকারি খাস জমির ওপর নির্ভরশীল রাজস্থানের দেড় হাজার পরিবার।

# মোদি সরকার দেউলিয়া, বললেন স্বামী

**আজকালের প্রতিবেদন**
দিল্লি, ২৯ আগস্ট

বিজেপি–র রাজ্যসভার সাংসদ হলেও, মোদি সরকারের নানান নীতি এবং সিদ্ধান্তের বিরুদ্ধে বার বারই মুখ খুলেছেন সুব্রহ্মণ্যন স্বামী। এমনকি পেগাসাস কাণ্ড জনসমক্ষে আসার আগে তিনি সোশ্যাল মিডিয়ায় এই কাণ্ড ফাঁস করেন। নরেন্দ্র মোদি সরকারের অর্থনৈতিক নানা কর্মকাণ্ডের সমালোচনা করতে দেখা গিয়েছে তাঁকে। এবার কেন্দ্রীয় সরকারের ‘ন্যাশনাল মানিটাইজেশন পাইপলাইন’ প্রকল্পের তীব্র সমালোচনায় সরব হলেন এই অর্থনীতিবিদ–রাজনীতিক। সুব্রহ্মণ্যন স্বামী টুইটারে জাতীয় সম্পদ বিক্রির সিদ্ধান্তের সমালোচনা করে লেখেন, ‘আর্থিক বৃদ্ধির গতি যখন নিম্নমুখী, সেই সময় সরকারি সম্পত্তি বিক্রি করা মানসিক দেউলিয়া এবং হতাশারই লক্ষণ। এটা একটা স্বাস্থ্যকর নীতিগত অবস্থান হতে পারে না।’

# গান, মহিলা কণ্ঠস্বরে তালিবানি কোপ

**সংবাদ সংস্থা**
কাবুল, ২৯ আগস্ট

তালিবানি ফতোয়ায় কান্দাহারে গান নিষিদ্ধ। রেডিও, টিভি চ্যানেলে মহিলা কণ্ঠস্বরেও কোপ পড়ল। এমনকী লোকসঙ্গীত শিল্পী ফাওয়াদ আন্দারাবিকে বাড়ি থেকে টেনে বের করে খুন করেছে তারা। জনপ্রিয় শিল্পীর মৃত্যু সংবাদ জানিয়েছে তাঁর ছেলে।

আফগানিস্তান দখল করে মেয়েদের শিক্ষা, তাঁদের অধিকারকে সম্মান জানানোর কথা বলেছিল তালিবান। সে সবই তাদের মুখের কথা। ছদ্মবেশ বেশি দিন ধরে থাকতে পারেনি। ক’দিন আগে হেরাটে সহশিক্ষা নিষিদ্ধ করেছে। বলেছে, মহিলা শিক্ষিকারা ছেলেদের পড়াতে পারবেন না। মেয়েরা একা বাড়ির বাইরে বেরতে পারবে না। বিনোদনে খড়্গহস্ত। তালিবানের কড়াবার্তা, কান্দাহারের রেডিও এবং টেলিভিশন চ্যানেলগুলিতে গানের অনুষ্ঠান সম্প্রচার করা যাবে না। গান পুরোপুরি নিষিদ্ধ। শোনানো যাবে না কোনও মহিলা কণ্ঠস্বর।

আফগানিস্তান তালিবান দখলে যাওয়ায় ইতিমধ্যে সেখানকার বিভিন্ন চ্যানেলের মহিলা সঞ্চালিকারা কাজ হারিয়েছেন। তাঁরা ঘরের বাইরে পা রাখতে ভয় পাচ্ছেন। তাছাড়া, মহিলাদের প্রতিদিনের জীবনেও বেড়ি পরাতে মরিয়া তালিবান।

আফগানিস্তানের লোকজনের জীবন থেকে গানকেই যেন মুছে দিতে চায় তারা। অনেকেই বলছেন, লোকশিল্পী ফাওয়াদকে খুন করে সেই বার্তাই দিয়েছে তালিবান। আন্দারাব জেলার কিষানাবাদ গ্রামের বাসিন্দা ফাওয়াদ। তাঁকে গুলি করে খুন করে জঙ্গিরা। তালিবান মুখপাত্র মুজাহিদ বলছেন, ‘ইসলামে গান নিষিদ্ধ। গান বাজনা থেকে বিরত থাকতে হবে। আমরা দেশবাসীকে সে কথা বোঝাতে পারব।’

# সেখানে এখন গান বন্ধ

**সংবাদ সংস্থা**
কাবুল, ২৯ আগস্ট

গানবাজনার অনুমতি নাকি দেয় না ধর্ম। এসব নাকি পাপ। দিন তিনেক আগে আফগানিস্তানে সঙ্গীত নিষিদ্ধ করার ফরমান দিয়ে এমনই সব ওজর দেখিয়েছিলেন তালিবান মুখপাত্র জবিউল্লা মুজাহিদ। প্রকাশ্যে সঙ্গীতচর্চা করলে কড়া শাস্তি বরাদ্দ। এর পর কে গাইবে, কে গান শেখাবে এই তালিবান–ভূমে! অতএব ঝাঁপ পড়েছে কাবুলের আফগান ন্যাশনাল ইনস্টিটিউট অফ মিউজিকে (এএনআইএম)। প্রতিষ্ঠানের প্রেক্ষাগৃহে সুরের মূর্ছনা শোনা যায় না দীর্ঘ দিন। ছাত্রছাত্রীরা ঘরবন্দি। প্রতিষ্ঠানের প্রতিষ্ঠাতা ও ডিরেক্টর ড. আহমেদ সরমস্ত সেই জুলাই থেকেই মেলবোর্নে। কারণ আন্তর্জাতিক খ্যাতিসম্পন্ন, সঙ্গীতে পিএইচডি প্রথম আফগান ড. সরমস্তের খোঁজ করছিল তালিবান। এর পর সহকর্মীদের পরামর্শেই দেশান্তরী হন।


পিয়ানোর মগ্ন ড. সরমস্তের এক ছাত্র।

১৩ বছর আগে প্রতিষ্ঠিত এএনআইএম সব দিক থেকেই দিশারী। আফগানিস্তানে স্কুলে স্কুলে সহশিক্ষাই যেখানে বিরল ঘটনা, সেখানে ড. সরমস্তের সঙ্গীত শিক্ষালয়ে ছাত্রছাত্রীরা পাশাপাশি বসে সঙ্গীতের তালিম নিত। বাজাত পিয়ানো, সরোদ, সেতার। পশ্চিমি সঙ্গীতশিক্ষার জন্যও বেশ জনপ্রিয় এএনআইএম। এখান থেকে প্রশিক্ষণ নিয়ে তৈরি হয়েছে আফগানিস্তানের প্রথম মেয়েদের অর্কেস্ট্রা, নাম ‘জোহরা’। ইওরোপ, আমেরিকায় বার বার অনুষ্ঠান করেছে সেই অর্কেস্ট্রা। অভিবাদন কুড়িয়েছে। পথশিশু, অনাথ আশ্রমের শিশুদের এখানে বিনামূল্যে গানবাজনা শেখানো হয়। সে–সবই হয়তো অতীত হয়ে যাবে। আশঙ্কা ড. সরমস্তের।

মেলবোর্ন থেকে সাক্ষাৎকারে জানিয়েছেন, ‘আমার ছাত্রছাত্রীরা ত্রস্ত। তারা খুব বুঝতে পারছে, গানের স্কুলে ফেরার অর্থ শাস্তির খাঁড়া নামবে। ওরা নিজেদের বাজনা স্কুলে গচ্ছিত রেখেছে। কে জানে তালিবরা হয়তো বাড়ি–বাড়ি বাজনার তল্লাশিও করতে পারে!’

আফগানিস্তানের অন্যতম ঐতিহ্যের নাম হয়ে উঠেছিল এএনআইএম। কিন্তু দু’দশকের মাথায় আফগানিস্তানে তালিবানদের প্রত্যাবর্তনে সে–দেশের সঙ্গীতসাধক, শিল্পীদের ভবিষ্যৎ অনিশ্চিত হয়ে গেল। কাবুলে ড. সরমস্তের অনুপস্থিতিতে কর্মীদের থেকে প্রতিষ্ঠানের দরজা খোলার চাবি চেয়েছিল তালিব জঙ্গিরা। তিনবার ফিরে গেছে। তবে আর কত দিন এই প্রতিষ্ঠান অক্ষত থাকবে, জানেন না ড. সরমস্ত। তালিবানের প্রথম জমানা ১৯৯৬ থেকে ২০০১–এর কালো দিনগুলো ফিরে আসবে, এই দুঃস্বপ্নই তাঁকে তাড়া করে বেড়াচ্ছে। সেবার মস্কোয় পালাতে বাধ্য হয়েছিলেন। সেখানে এক দশক কাটিয়ে কাবুলে ফিরে অনেক আশা নিয়ে তৈরি করেন এএনআইএম। সন্ত্রাসবাদের শিকারও হয়েছেন একবার। ২০১৪–য় কাবুলে এক গাড়িবোমা বিস্ফোরণে কিছু দিনের জন্য বধির হয়ে যান। তাতে সঙ্গীত ছড়িয়ে দেওয়ার জেদ আরও চেপে বসে। এত কষ্টার্জিত সাফল্য এভাবে হারিয়ে যাবে, ভাবতেই পারছেন না।

সঙ্গীত নিষিদ্ধ করার তালিবানি ফরমানের আগেই কাবুলের টিভি চ্যানেল, রেডিও স্টেশনগুলো আর কোনও গান শোনাচ্ছে না। ক’বছর আগেও কাবুলে দাপিয়ে গান তৈরি করত ‘রকবুল’, ‘হোয়াইট সিটি’র মতো কিছু ব্যান্ড। সদস্যরা এখন কে কোথায় জানা নেই। ড. সরমস্ত বললেন, ‘আমার প্রতিষ্ঠানের কর্মীরা বলছিল, কাবুলে এখন শব্দ বলতে থেকে–থেকে তালিবানের জয়ধ্বনি!’

Sreeleathers
KOLKATA
শ্রীলেদার্স লিমিটেড
CIN: L67190WB1991PLC050656
৬, টৌটি লেন, কলকাতা–৭০০০১৬
ফোন: ২২৮৬ ১৫৭১, ফ্যাক্স: ২২১৭ ৬৪৬৮
ই–মেল: sreeleathers@sreeleathers.com । ওয়েবসাইট: www.sreeleathers.com

নোটিস

১. মিনিস্ট্রি অফ কর্পোরেট অ্যাফেয়ার্স দ্বারা জারিকৃত যথাক্রমে ৮ এপ্রিল ২০২০, ১৩ এপ্রিল ২০২০, ৫ মে ২০২০ ও ১৩ জানুয়ারি ২০২১ তারিখ সংবলিত জেনারেল সার্কুলার নং ১৪/২০২০, ১৭/২০২০, ২০/২০২০ ও ০২/২০২১ (‘এমসিএ সার্কুলারসমূহ’) এবং সিকিউরিটিজ অ্যান্ড এক্সচেঞ্জ বোর্ড অফ ইন্ডিয়া দ্বারা জারিকৃত ১২ মে ২০২০ তারিখ সংবলিত সার্কুলার নং সেবি/এইচও/সিএফডি/সিএমডি১/সিআইআর/পি/২০২০/৭৯ ও ১৫ জানুয়ারি ২০২১ তারিখ সংবলিত সার্কুলার নং সেবি/এইচও/সিএফডি/সিএমডি২/সিআইআর/পি/২০২১/১১ (‘সেবি সার্কুলারসমূহ’) সহ পঠনীয় কোম্পানিজ অ্যাক্ট, ২০১৩ ও এর অধীনে রচিত রুলসমূহ এবং সেবি (লিস্টিং অবলিগেশনস অ্যান্ড ডিসক্লোজার রিকোয়্যারমেন্টস) রেগুলেশনস, ২০১৫–এর সংস্থানাধীনে ৩০তম এজিএম–এর নোটিসে উল্লেখমতো কোম্পানির সাধারণ কারবার নির্বাহের জন্য **কোম্পানির ৩০তম বার্ষিক সাধারণ সভা (‘এজিএম’) বুধবার, ২৯ সেপ্টেম্বর ২০২১ তারিখ বেলা ১১.৩০টায় (ভারতীয় প্রমাণ সময়)** কোনও সাধারণ স্থানে সদস্যদের শারীরিক উপস্থিতি ছাড়াই **ভিডিও কনফারেন্সিং (‘ভিসি’)/ অন্য অডিও ভিস্যুয়াল পদ্ধতি (‘ওএভিএম’)–এর মাধ্যমে আয়োজিত হবে।**
২. এমসিএ সার্কুলার(সমূহ) এবং সেবি সার্কুলার(সমূহ) অনুসারে যে সকল সদস্যের ই–মেল আইডি কোম্পানি/ ডিপোজিটরি পার্টিসিপ্যান্ট(গণ)/ রেজিস্ট্রার ও শেয়ার ট্রান্সফার এজেন্ট অর্থাৎ, মেসার্স নিশে টেকনোলজিস প্রাঃ লিঃ–এর কাছে নিবন্ধীকৃত রয়েছে, তাঁদের প্রতি ৩১ মার্চ ২০২১ সমাপ্ত অর্থবর্ষে কোম্পানির নিরীক্ষিত আর্থিক বিবৃতি সংবলিত ২০২০–২০২১ অর্থবর্ষের আর্থিক ফলাফলের বার্ষিক প্রতিবেদন (‘অ্যানুয়াল রিপোর্ট’) সমেত ৩০তম এজিএম–এর নোটিস কেবলমাত্র ই–মেলের মাধ্যমে পাঠানো হবে। এমসিএ সার্কুলার(সমূহ) এবং সেবি সার্কুলার(সমূহ) অনুযায়ী সদস্যদের প্রতি ৩০এজিএম–এর নোটিস এবং অ্যানুয়াল রিপোর্টের ব্যবহারিক কপি পাঠানোর কোনও প্রয়োজন নেই। ভিসি/ওএভিএম–এর মাধ্যমে এজিএমে যোগদান এবং ই–ভোটিং প্রক্রিয়ায় অংশ নেওয়ার পদ্ধতি সম্পর্কিত নির্দেশাবলি উক্ত নোটিস এবং অ্যানুয়াল রিপোর্টে দেওয়া আছে।
৩. ফিজিক্যাল মোডে শেয়ার ধরে রাখা সদস্য বা যাঁদের ই–মেল আইডি এখনও রেজিস্টার্ড নয়, তাঁরা এই কোম্পানি/ আরটিএ–র কাছে নিজেদের ই–মেল আইডি রেজিস্টার করিয়ে নেওয়ার পর ই–ভোটিং সিস্টেমের মাধ্যমে নিজেদের ভোটাধিকার প্রয়োগ করতে পারবেন এবং নিজেদের ই–মেল আইডি রেজিস্টার করানোর জন্য নিজের নাম, ফোলিও নম্বর, সম্পূর্ণ ঠিকানা, প্যান কার্ডের স্ব–স্বাক্ষরিত স্ক্যান করানো কপি এবং কোম্পানিতে নিবন্ধিতমতো সদস্যের ঠিকানার প্রমাণ হিসেবে যে কোনও বৈধ নথির (আধার কার্ড, ড্রাইভিং লাইসেন্স, ইলেকশন আইডেন্টিটি কার্ড, পাসপোর্ট ইত্যাদির মতো) স্ব–স্বাক্ষরিত স্ক্যান করানো কপি সমেত একটি অনুরোধজ্ঞাপক চিঠি ই–মেলের মাধ্যমে sreeleathersequity@gmail.com বা nichetechpl@nichetechpl.com আইডি–তে পাঠিয়ে দেবেন।
৪. ফিজিক্যাল মোডে শেয়ার ধরে রাখা কোনও সদস্যের বৈধ ই–মেল আইডি ইতিমধ্যেই এই কোম্পানি/ আরটিএ–র কাছে রেজিস্টার করানো থাকলে, তাঁকে আর কোনও নতুন পদক্ষেপ গ্রহণ করতে হবে না। ডিম্যাট ফর্মে শেয়ার ধরে রাখা সদস্যরা তাঁদের ডিপোজিটরি পার্টিসিপ্যান্টের কাছে নিজেদের ই–মেল আইডি আপডেট করিয়ে নিতে পারেন।
৫. লিস্টিং রেগুলেশন–এর রেগুলেশন ৪২ সহ পঠনীয় কোম্পানিজ অ্যাক্ট, ২০১৩–এর ৯১ নং ধারা এবং কোম্পানিজ (ম্যানেজমেন্ট অ্যান্ড অ্যাডমিনিস্ট্রেশন) রুলস, ২০১৪–এর রুল ১০ অনুযায়ী এজিএম–এর কারণে **কোম্পানির সদস্যদের রেজিস্টার এবং শেয়ার ট্রান্সফার রেজিস্টারগুলি ২৩ সেপ্টেম্বর, ২০২১ থেকে ২৯ সেপ্টেম্বর, ২০২১ তারিখ পর্যন্ত (উভয় তারিখ অন্তর্ভুক্ত করে) বন্ধ রাখা থাকবে।**
৬. ৩১ মার্চ, ২০২১ তারিখ সমাপ্ত অর্থবর্ষে কোম্পানির অ্যানুয়াল রিপোর্ট কোম্পানির ওয়েবসাইট অর্থাৎ, **www.sreeleathers.com** সহ পাশাপাশি যে সমস্ত স্টক এক্সচেঞ্জে কোম্পানির ইকুইটি শেয়ারগুলি তালিকাভুক্ত, সেগুলির ওয়েবসাইটে অর্থাৎ, **www.bseindia.com, www.nseindia.com** এবং **www.cse-india.com**–তেও দেওয়া হবে।

শ্রীলেদার্স লিমিটেড–এর পক্ষে
(বিজয় কুমার রায়)
কোম্পানি সেক্রেটারি এবং কমপ্লায়েন্স অফিসার
স্থান: কলকাতা
তারিখ: ৩০ আগস্ট, ২০২১